দৈনিক বাংলা
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

6

তারিখ 23 JAN 1989
পৃষ্ঠা 1 কলাম 3/1

# হাসান হাবিবের পুত্রের শিক্ষা ব্যয় নির্বাহের জন্য এরশাদের নির্দেশ

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ প্রতিশ্রুতিশীল চিত্র শিল্পী কাজী হাসান হাবিবের অকাল মৃত্যুতে তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের নিকট শোক প্রকাশ করতে রোববার শিল্পীর বাসভবনে যান।

বাসস জানায়, প্রেসিডেন্ট চিত্র শিল্পীর স্ত্রী ও তার একমাত্র ছেলের সঙ্গে কথা বলেন এবং তাদের কুশল জানতে চান।

তিনি পরলোকগত শিল্পীর স্টুডিওতে ঘুরে তার শিল্প কর্ম

(৩-এর পৃঃ দ্রঃ)

## এরশাদের নির্দেশ

( ১ম পৃঃ পর )

দেখেন। এসব শিল্পের মধ্যে তাঁর হাসপাতালের শয্যায় থাকাকালে আঁকা ছবিটিও রয়েছে। প্রেসিডেন্ট এরশাদকে শিল্পীর একটি চিত্র শিল্প উপহার দেয়া হয়। এটি শিল্পী অসুস্থ থাকাকালে সমাপ্ত করেন।

পিআইডি ফিচার ব্যুরোর স্টাফ আর্টিস্ট কাজী হাসান হাবিব ক্যান্সারে আক্রান্ত হয়ে গত ডিসেম্বরে ইন্তেকাল করেন।

প্রেসিডেন্ট এরশাদ পরে শিল্পীর ছেলের শিক্ষার ব্যয় নির্বাহ করতে ১০ বছরের জন্য তাকে মাসে ৩ হাজার টাকা করে দেয়ার নির্দেশ দেন।

শিল্পীর স্ত্রী রেসিডেন্সিয়াল মডেল স্কুলের একজন শিক্ষিকা। প্রেসিডেন্ট স্কুলের স্টাফ কোয়ার্টারে তাদের জন্য একটি বাসস্থানের ব্যবস্থা করা হবে বলে তাকে আশ্বাস দেন।

সরকার এর আগে চিত্র শিল্পীর বিদেশে চিকিৎসার জন্য ৫০ হাজার টাকা দান করেন।

তথ্য মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত উপ-প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ এ সময় সেখানে উপস্থিত ছিলেন।